Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
এনএসসি টাওয়ার (১৮তলা)
পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.nationalsavings.gov.bd

নং: ০৮.০৪.০০০০.০১২.২২.০৩১.১৪ - ২৫৬৮ তারিখঃ ০৭ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ / ২২ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রেরিত আধা-সরকারী, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের তালিকার ভিত্তিতে অবসরপ্রাপ্ত কর্মচারীদের পেনশনার সঞ্চয়পত্র ক্রয় সেবা সহজিকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ২০২১-২২ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী ২৫-০২-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে ন্যূনতম ১(এক)টি সেবা সহজিকরণ করে সরকারি আদেশ জারি করার বাধ্যবাধকতা রয়েছে। সে মোতাবেক কোন প্রতিষ্ঠানের অবসরপ্রাপ্ত কর্মচারী পেনশনার সঞ্চয়পত্রে বিনিয়োগ করতে পারবে কিনা সে সিদ্ধান্ত প্রদান সংক্রান্ত একটি সেবা সহজিকরণ করা হয়েছে।

০২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও গবেষণা কোষ, সংস্কার, গবেষণা ও আইন অনুবিভাগ কর্তৃক প্রকাশিত আধা-সরকারী, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের একটি তালিকা গত ১৭-১০-২০২১ খ্রিঃ তারিখে এ অধিদপ্তর থেকে মাঠ পর্যায়ে অনুসরণের জন্য প্রেরণ করা হয়েছে। উক্ত তালিকার ভিত্তিতে পেনশনার সঞ্চয়পত্রে বিনিয়োগের উপযুক্ত অবসরপ্রাপ্ত কর্মচারীদের সনাক্ত করা সহজতর হয়েছে। পূর্বে কোন অবসরপ্রাপ্ত কর্মচারী পেনশনার সঞ্চয়পত্রে বিনিয়োগ করতে পারবে কিনা সে সিদ্ধান্ত প্রদানের ক্ষেত্রে ০৮টি ধাপ অনুসরণ করতে হত। সেবা সহজিকরণের ফলে ০৫টি ধাপ হ্রাস পেয়েছে। ফলে গ্রাহকের Time, Visit, Cost এবং সেবা প্রাপ্তির দীর্ঘসূত্রিতা বহুলাংশে হ্রাস পেয়েছে।

০৩। এমতাবস্থায়, জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক সেবা সহজিকরণ প্রসেস ম্যাপটি মহোদয়ের সদয় অবগতির জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১(এক) পাতা।

২২/১২/২১

(মোছাঃ মাকছুদা খাতুন)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২-২২৩৩৮০৪৩৭
ই-মেইলঃ dg.nsd.bd@gmail.com

সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃ আঃ উপ-সচিব, সঞ্চয়)

নং-০৮.০৪.০০০০.০১২.২২.০৩১.১৪ তারিখঃ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ / ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থেঃ
০১। পরিচালক (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। উপ-পরিচালক (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। উপ-পরিচালক (সকল), জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়।
০৪। সহকারী পরিচালক (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। সহকারী পরিচালক (সকল), জেলা সঞ্চয় অফিস/বিশেষ ব্যুরো।
০৬। সঞ্চয় অফিসার (সকল), জেলা সঞ্চয় অফিস/বিশেষ ব্যুরো।

(মোছাঃ মাকছুদা খাতুন)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

## জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রেরিত আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের তালিকার ভিত্তিতে অবসরপ্রাপ্ত কর্মচারীদের পেনশনার সঞ্চয়পত্র ক্রয় সেবা সহজিকরণ

### সেবা সহজিকরণের পূর্বের অবস্থা

১. সঞ্চয়পত্র ক্রয়ের জন্য ইস্যু অফিসে আবেদন
২. ইস্যু অফিস কর্তৃক আবেদন যাচাই-বাছাই
৩. ইস্যু অফিস কর্তৃক আবেদন বিভাগীয় অফিসে প্রেরণ
৪. বিভাগীয় অফিস কর্তৃক আবেদন জাতীয় সঞ্চয় অধিদপ্তরে প্রেরণ
৫. জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ
৬. সঞ্চয় অধিদপ্তরের সিদ্ধান্ত বিভাগীয় অফিসে প্রেরণ
৭. বিভাগীয় অফিস কর্তৃক সিদ্ধান্তটি ইস্যু অফিসে প্রেরণ
৮. ইস্যু অফিস কর্তৃক নিষ্পত্তি

### সেবা সহজিকরণের পরের অবস্থা

১. সঞ্চয়পত্র ক্রয়ের জন্য ইস্যু অফিসে আবেদন
২. ইস্যু অফিস কর্তৃক আবেদন অধিদপ্তরের তালিকার সাথে যাচাই-বাছাই
৩. ইস্যু অফিস কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ ও নিষ্পত্তি

২২/১২/২১
(... এনায়েত হোসেন)